দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 25 2000
পৃষ্ঠা
কলাম

চট্টগ্রাম ভার্সিটি

# অচলাবস্থা নিরসনে ছাত্রঐক্যের গণঅনশন পালন

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অচলাবস্থা নিরসনকল্পে ভিসি ও প্রো-ভিসির অপসারণের দাবীতে সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে গতকাল বৃহস্পতিবার গণঅনশন কর্মসূচী পালন কর

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)



ছিল চট্টগ্রাম বিশ্ববিদ্যা... ৪০তম দিন। গতকাল ৫টার সময় ... ক্লাব চত্বরে সর্বদলীয় ছাত্র ঐক্যের অনশন কর্মসূচী শেষে মোহাম্মদ সেলিমের সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো-ভিসির অপসারিত না হইলে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ থাকিবে। বিরোধী দলীয় নেতৃবৃন্দ একাত্মতা প্রকাশ করিয়া বলেন, সরকার দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করার কূটকৌশল অবলম্বন করিতেছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রলীগের সন্ত্রাসীদের প্রতিষ্ঠিত করার মাধ্যমে দলীয় শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করা হইতেছে। দেশের গরীব জনগণের ছাত্র ছাত্রীদের উচ্চ শিক্ষা গ্রহণ বন্ধের উপক্রম হইয়া পড়িয়াছে। সমাবেশে বক্তব্য রাখেন মীর মোহাম্মদ নাসির উদ্দিন, জাহাঙ্গীর আলম, আফসার উদ্দিন, ডাঃ নুরুন্নবী, নূরী আরা ছফা, ইফতেখার হোসেন মহসীন, এডভোকেট আহমদ ছগীর, শামসুদ্দীন আহমদ মীর্জা, ডাঃ লকিয়ত উল্লাহ, নাজিমুর রহমান, মাহবুবুর রহমান শামীম, হাসান মঞ্জুর, জাহাঙ্গীর আলম দুলাল, মজিবুর রহমান মঞ্জু, মেজবাউল কবির প্রমুখ।